



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৯ মার্চ ২০১৮ খ্রি.

### সিটি মেয়রের সাথে ২৮ নং ওয়ার্ডের নারী নেতৃবৃন্দের মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে নগরীর ২৮ নং ওয়ার্ডের নারী সংগঠনের একটি প্রতিনিধিদল ৮ মার্চ ২০১৮ খ্রি. দুপুরে নগরভবনে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন। এসময় ২৮ নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব মোহাম্মদ আবদুল কাদের, নারী সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে নাহিদ আক্তার, বিনা চক্রবর্তী, সৈয়দা সাদিবা, রুবি নাজ বেগম, পারভিন আক্তার, কোহিনুর বেগম, ইসমিনারা বেগম, সৈয়দা আরজুমান সুলতানা, সৈয়দা শামিমা সুলতানা, শারমিন সুলতানা, রুনা লায়লা ও দীনার বেগম সহ অন্য নারী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। নারী নেতৃবৃন্দের সাথে মতবিনিময়ে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নারী পুরুষের সম্মিলিত প্রচেষ্টায় দেশ সামনে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ নারী ও পুরুষের সমঅধিকার নিশ্চিত করে নারীদের জন্য সর্বক্ষেত্রে পুরুষদের পাশাপাশি কাজের সুযোগ সৃষ্টি করা হয়েছে। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নারীদের সাহসী ভূমিকা ও বীরত্বপূর্ণ অবদানের জন্য বাংলাদেশের সুনাম বিশ্বময় ছড়িয়ে যাচ্ছে। তিনি নারী জাগরণ সৃষ্টি করে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে নারী সমাজকে আরও ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।

চট্টগ্রাম-৯ মার্চ ২০১৮ খ্রি.

### দৃষ্টিনন্দন সাজে সাজানো হচ্ছে এয়ারপোর্ট সড়ক-পরিদর্শনে মেয়র আ জ ম নাছির উদ্দীন

শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর সড়কের ব্রীজ ও সড়ক এর উন্নয়ন কাজ সমাপ্তির পর চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভি আই পি সড়কটির সৌন্দর্যবর্ধন কাজ শুরু করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরীকে বিশ্বমানের উন্নয়ন ও পরিকল্পিত পরিবেশ বাস্তব টেকসই উন্নয়ন এবং নান্দনিকতাকে প্রাধান্য দিয়ে নগরীকে সাজানোর পরিকল্পনা বাস্তবায়ন করছেন-এ কর্মসূচির আওতায় চট্টগ্রাম নগরীর এয়ারপোর্ট রোডের ৭,৯ ও ১৫ নং জেটি নতুন ব্রীজ এর সৌন্দর্যবর্ধন ১৫ নং ব্রীজ থেকে মিড আইল্যান্ড এবং গোলচত্বর সৌন্দর্যবর্ধন, ড্রাইডক এর দেয়াল ঘেষে সৌন্দর্যবর্ধন ও আলোকায়ন সহ নানামুখী নান্দনিকতায় সাজানোর উদ্যোগ কার্যকর হচ্ছে। ৮ মার্চ ২০১৮ খ্রি. রাত ৮.৩০ টায় মেয়র আ জ ম নাছির উদ্দীন এয়ারপোর্ট সড়কের রুবি সিমেন্ট সংলগ্ন ৭ নং জেটি ব্রীজে চলমান সৌন্দর্যবর্ধন কার্যক্রম সরেজমিনে দেখতে যান। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের উৎস থেকে প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে এ

সড়কের ৩ টি ব্রীজকে নান্দনিকতায় সাজানো হচ্ছে। স্বপতি মোহেল মোহাম্মদ শাকুরের ড্রইং ডিজাইনে ষ্টিল স্ট্রাকচারের উপর এলইডি লাইটিং সিস্টেমে নান্দনিকতায় সাজানো হচ্ছে এ ব্রীজ ৩টি । ঠিকাদারী প্রতিষ্ঠান জয়েন্ট বিল্ডার্স সৌন্দর্যবর্ধনের কাজে নিয়োজিত আছেন। এছাড়াও জিপিএইচ গ্রুপ আইল্যান্ড এর সৌন্দর্যবর্ধন এবং চসিক এর নিজস্ব অর্থায়নে ড্রাইডক এর দেয়াল ঘেষে সবুজায়নের কাজ চলমান রয়েছে। এয়ারপোর্ট রোডের সৌন্দর্যবর্ধন কাজ পরিদর্শনকালে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম দেশের অর্থনীতির মূল চালিকা শক্তি। চট্টগ্রামে সামুদ্রিক বন্দর সহ গুরুত্বপূর্ণ বহু স্থাপনার কারণে এ নগরী বিশ্ববাসী সহ সকল শ্রেণী ও পেশার মানুষের নিকট অতীব গুরুত্বপূর্ণ। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, তাঁর মেয়াদের মধ্যেই চট্টগ্রামকে একটি বিশ্বমানের আধুনিক নগরীতে উন্নিত করার কাজ সম্পন্ন করা হবে। এ প্রসঙ্গে তিনি চট্টগ্রামের স্বার্থে তাঁর ভিশন বাস্তবায়নে যে কোন ঝুঁকি নিতে প্রস্তুত বলে অভিমত ব্যক্ত করেন। এ সময় ৪১ নং ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, বড়তাকিয়া গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক নিয়াজ মোরশেদ এলিট, চসিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, নির্বাহী প্রকৌশলী অসীম বড়ুয়া, নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) সুদীপ বসাক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, সহকারী প্রকৌশলী আসিফুল ইসলাম, আবুল হাসেম, স্বপতি আবদুল্লাহ ওমর, উপ সহকারী প্রকৌশলী তৌহিদুল হাসান, আওয়ামীলীগ নেতা জাবেদুল ইসলাম শিপন ও আকতার হামিদ সহ অন্যান্য উপস্থিত ছিলেন।

## সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন